টিকটক: ব্যবসা প্রসারের নতুন দিগন্ত

written by Chandradip News24 | December 6, 2024

ব্যবসায়ীদের মার্কেটিং দক্ষতা বৃদ্ধি এবং ডিজিটাল প্ল্যাটফর্মে তাদের সাফল্য নিশ্চিত করতে টিকটক সম্প্রতি একটি বিশেষ কর্মশালার আয়োজন করেছে। রাজধানীর একটি অভিজাত হোটেলে গত ৩ ডিসেম্বর অনুষ্ঠিত এ ইভেন্টে অংশ নেন উদ্যোক্তা, বিপণন বিশেষজ্ঞ এবং ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীরা।

ওয়ার্কশপটির মূল লক্ষ্য ছিল ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীদের জন্য টিকটক প্ল্যাটফর্মের সম্ভাবনা তুলে ধরা। অংশগ্রহণকারীরা শিখেছেন কীভাবে টিকটকের বিভিন্ন ফিচার ও টুলস ব্যবহার করে ব্র্যান্ড প্রচার, কনটেন্ট মার্কেটিং এবং তরুণ প্রজন্মের সঙ্গে যোগাযোগ স্থাপন করা যায়।

টিকটকের বিশেষজ্ঞরা সৃজনশীল মার্কেটিংয়ের গুরুত্ব, কনটেন্ট তৈরির কৌশল এবং বাস্তব সময়ে কনটেন্ট প্রস্তুতির ওপর বিশেষ সেশন পরিচালনা করেন। এছাড়া, ব্র্যান্ডকে বিশ্বাসযোগ্য ও সৃজনশীলভাবে উপস্থাপনের মাধ্যমে গ্রাহকদের আস্থা অর্জনের পদ্ধতি নিয়েও আলোচনা করা হয়।

আরো পড়ুন : পাকিস্তানি টিকটকারের ব্যক্তিগত ভিডিও ফাঁস

ওয়ার্কশপটি ছিল এক নেটওয়ার্কিং প্ল্যাটফর্ম, যেখানে উদ্যোক্তারা নিজেদের অভিজ্ঞতা শেয়ার এবং চ্যালেঞ্জগুলো নিয়ে আলোচনা করেন। এতে উঠে আসে সমস্যার সমাধান এবং নতুন কৌশল উদ্ভাবনের সম্ভাবনা।

একাধিক উদ্যোক্তা জানান, কর্মশালাটি তাদের ডিজিটাল মার্কেটিং দক্ষতা বাড়াতে সাহায্য করেছে। বিশেষ করে নতুন গ্রাহকদের দৃষ্টি আকর্ষণ এবং ব্যবসার প্রসারে এটি কার্যকর ভূমিকা রাখবে বলে তারা আশা প্রকাশ করেন।

ইভেন্টে বিশেষজ্ঞরা টিকটকে সত্যতা ও সৃজনশীলতার গুরুত্ব তুলে ধরেন। তারা বলেন, সঠিক কৌশল ও পরিকল্পনা দিয়ে যেকোনো ব্র্যান্ড টিকটকে দারুণ সাফল্য অর্জন করতে পারে।

টিকটকের এই উদ্যোগ ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ীদের জন্য একটি কার্যকরী প্ল্যাটফর্ম তৈরি করেছে। ডিজিটাল মার্কেটিং দক্ষতা বৃদ্ধি এবং নতুন দিগন্ত উন্মোচনে এমন কর্মশালা আরও আয়োজনের দাবি জানিয়েছেন অংশগ্রহণকারীরা।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম